



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

সূত্রঃ ৪৯.০৩.০৯৯৯.০৫.২২.২০১৭-১১৩

তারিখঃ ০২/০৫/২০১৭

বিষয়ঃ গ্রামীণফোনের কর্পোরেট মোবাইল সংযোগ ব্যবহার সংক্রান্ত গাইডলাইন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ব্যাংকের সকল শাখায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে গ্রাহকের সাথে শাখার কর্মকর্তাদের যোগাযোগ ব্যবস্থায় গতিশীলতা আনার প্রয়াসে পরিচালনা পর্যদের ৩৮তম সভায় গ্রামীণফোনের সংযোগ অত্র ব্যাংক কর্মকর্তাদের প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এর প্রেক্ষিতে গত ২৮/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত শাখা ব্যবস্থাপক সম্মেলনে সকল শাখা ব্যবস্থাপকগণকে গ্রামীণফোনের কর্পোরেট সীম কার্ড প্রদান করা হয়েছে। প্রদত্ত মোবাইল সংযোগ নিম্নলিখিত নিয়মাবলী পরিপালন পূর্বক ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

০১। গ্রামীণফোনের মোবাইল সংযোগ সংশ্লিষ্ট শাখার সম্পদ বলে বিবেচিত হবে। সংযোগ সীম (SIM) সার্ভিস নম্বর ও সীম (SIM) কার্ড নম্বর শাখায় সংরক্ষিত Asset Register এ লিপিবদ্ধ করতে হবে।

০২। কোনো কর্মকর্তা অন্য কর্মস্থলে বদলী হলে তার ব্যবহৃত সংযোগটি শাখার পরবর্তী দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে।


০৩। মোবাইল সংযোগের ব্যবহারের বিলের সিলিং ২২ তম পর্যদ সভায় অনুমোদিত অর্পিত আর্থিক ক্ষমতা প্রয়োগের নীতিমালা ও ৩৭ তম পর্যদ সভার সিদ্ধান্ত অনুসারে প্রাপ্য হবেন। শাখার জন্য মোবাইল বিলের প্রাপ্যতা অনুযায়ী সংযোগের ক্রেডিট লিমিট নির্ধারিত হবে।

০৪। ০৩ নং অনুচ্ছেদ বর্ণনা মোতাবেক মাসিক মোবাইল বিলের প্রাপ্যতার অতিরিক্ত বিল শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে প্রদান করবেন।

০৫। মোবাইল সংযোগ নষ্ট, চুরি বা হারিয়ে গেলে তা অপব্যবহার রোধে তাৎক্ষণিকভাবে গ্রামীণফোন কাষ্টমার কেয়ারে যোগাযোগ করে উক্ত সংযোগ এর সার্ভিস সাময়িকভাবে বিচ্ছিন্ন করতে হবে এবং নিকটস্থ থানায় ঘটনার বিবরণ উল্লেখ করে সাধারণ ডায়েরী (জিডি) লিপিবদ্ধ পূর্বক জিডির কপিসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে পত্র মারফত পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করতে হবে।

০৬। মোবাইল সংযোগের ভয়েস ও এসএমএস সার্ভিস এর ব্যবহার অনুযায়ী বিল পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখার ই-মেইল ঠিকানায় গ্রামীণফোন হতে প্রেরণ করা হবে। উক্ত বিল মোবাইল বিল খাত হতে পরিশোধ পূর্বক বিলের কপি যথানিয়মে সংরক্ষণ করে তা সংশ্লিষ্ট মাসের ব্যয় হিসাবভুক্ত করতে হবে। ই-মেইল ঠিকানা পরিবর্তন হলে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে পত্র মারফত পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করতে হবে।

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।


(মোঃ আব্দুল করিম সরকার)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার।
৯৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (অপারেশন) মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. বিভাগীয় প্রধান, আইটি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইট হালনাগাদ করার অনুরোধ সহ)।
৬. অফিস কপি।